# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ- ১৩০১ তারিখ : ০৮-০৮-২০২৬ খ্রিঃ

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ২৭-০৭-২০২৬ তারিখের অশিবো/প্রশাঃ/২০১০/৯৩ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১০ আগস্ট ২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টায় এসএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল স্ব স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে। নিম্নলিখিত যে কোনো পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet Download করা যাবে এবং এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার্থীরা তাদের ফলাফল জানতে পারবে।

২. বোর্ডসমূহ কর্তৃক প্রকাশিত ফলাফল সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে https://eduboardresults.gov.bd এবং https://educationboardresults.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে সংগ্রহ করতে হবে।

৩. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য উক্ত ওয়েবসাইটের Result কর্ণানে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফলাফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।

৪. পরীক্ষার্থীগণ পরীক্ষার ফলাফল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকেও সংগ্রহ করতে পারবে।

৫. পরীক্ষার্থীগণ শিক্ষা বোর্ডসমূহের কমন ওয়েবসাইট https://eduboardresults.gov.bd এবং https://educationboardresults.gov.bd এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবে।

৬. এছাড়াও পরীক্ষার্থীগণ যে কোনো মোবাইল নম্বর থেকে ১৬১৪০ অথবা ১৬২২২ নম্বরে এসএমএস প্রেরণের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন। SMS -এর মাধ্যমে ফলাফল জানতে SSC স্পেস বোর্ডের নামের প্রথম তিন অক্ষর স্পেস রোল নম্বর স্পেস পরীক্ষার বছর লিখে ১৬১৪০ নম্বরে পাঠাতে হবে। উদাহরণ : SSC Jes 123456 2026 Send to 16140

৭. উল্লেখ্য যে, শিক্ষাবোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোনো ফলাফল পাওয়া যাবে না।

৮. পুনঃনিরীক্ষণের জন্য অনলাইনের মাধ্যমে ১১-০৮-২০২৬ খ্রি. হতে ১৭-০৮-২০২৬ খ্রি. পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট নির্দেশনা শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

০৮-০৮-২০২৬
(প্রফেসর এস. এম. হোসেন আলী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ
এ বোর্ডের আওতাধীন সকল এইচএসসি পরীক্ষা
কেন্দ্র/কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহ